# ইসবগুল এন

সিলিয়াম পাউডার

# ইসবগুল এনই

সিলিয়াম পাউডার

**উপাদানঃ**


**ইসাবগুল এনঃ** প্রতি স্যাচেট বা প্রতি চামচ পাউডারে সক্রিয় উপাদান হিসাবে ৩.৫ গ্রাম সিলিয়াম হাস্ক রয়েছে।

**ইসবগুল এনইঃ** প্রতি স্যাচেট বা প্রতি চামচ এফারভেসেন্ট গ্র্যানুউলে সক্রিয় উপাদান হিসাবে ৩.৫ গ্রাম সিলিয়াম হাস্ক রয়েছে।


**বিবরণঃ**

সিলিয়াম একটি আদর্শ বিরেচক যা ৮০% সলিউবোল ফাইবারে বহন করে। সিলিয়ামের প্রধান রাসায়নিক উপাদান হিসাবে রয়েছে মিউসিলেজ যা কোষ্ঠকাঠিন্য, অর্শ বা পাইলস এবং এমনকি কোলন ক্যান্সারের চিকিৎসায় অত্যন্ত কার্যকর। এটি পাকস্থলী ও অন্ত্রের মিউকাস এর পিচ্ছিলতা আরো বাড়িয়ে দেয়, যা পেটের পীড়া ও আলসার নিরাময়ে সাহায্য করে। সিলিয়াম রক্তে কোলেস্টেরল (ক্ষতিকর চর্বি) ও গ্লুকোজে মাত্রা হ্রাস করে যা মেদবহুল ও ডায়াবেটিক রোগীদের জন্য বিশেষ উপকারী ।

**মিশ্রণ প্রস্তুত প্রণালীঃ**




একটি খালি গ্লাসে ইসবগুল এন/এনই ১টি স্যাচেট ঢালুন




পানি দিয়ে গ্লাসটি পূরণ করুন (১৫০ মিলি বা ২/৩ গ্লাস) নাড়ুন এবং সাথে সাথে পান করুন।



প্রদত্ত চামচ দিয়ে এক চামচ ইসবগুল এন/এনই নিন



একটি খালি গ্লাসে ইসবগুল এন/এনই ঢালুন



পানি দিয়ে গ্লাসটি পূরণ করুন (১৫০ মিলি বা ২/৩ গ্লাস) নাড়ুন এবং সাথে সাথে পান করুন।

**নির্দেশনা এবং ব্যবহার ঃ**

- কোষ্ঠকাঠিন্য
- কোলেস্টেরলের মাত্রা বৃদ্ধি
- হেমোরয়েড বা পাইলস্
- ইরিটেবল বাওয়েল সিনড্রোম (আই বি এস)
- রক্তে গ্লুকোজের মাত্রা হ্রাস করে।

এছাড়া, সিলিয়াম ফাইবার মলকে নরম করে এবং অন্ত্রের গতিবিধি বৃদ্ধি করার মাধ্যমে মলত্যাগ সহজতর করে। পাশাপাশি সিলিয়াম ফাইবার মলদ্বারের ফাটল, কোলন ক্যান্সার, মলদ্বারের অস্ত্রোপচার এবং গর্ভাবতী রোগীদের ক্ষেত্রে বিশেষ ভাবে নির্দেশিত।

**সেবনমাত্রা ও সেবনবিধিঃ**

**সাধারণ মাত্রাঃ** ইসবগুল এন বা এনই পূর্ণ ১ চামচ বা ১টি স্যাচেট দিনে ১-৩ বার।

**প্রাপ্ত বয়স্ক এবং ১২ বছর বয়সের উপরের বাচ্চাদের ক্ষেত্রেঃ** ইসবগুল এন বা এনই পূর্ণ ১ চামচ বা ১টি স্যাচেট দিনে ২ বার অথবা ডাক্তারের পরামর্শ অনুযায়ী সেব্য।

**৬ থেকে ১২ বছর বয়সী বাচ্চাদের ক্ষেত্রেঃ** ইসবগুল এন বা এনই ঙ্গ থেকে ১ চামচ বা ১/২ থেকে ১টি স্যাচেট পানিসহ দিনে ২ বার অথবা ডাক্তারের পরামর্শ অনুযায়ী সেব্য।

**৬ বছরের কম বয়সী বাচ্চাদের ক্ষেত্রেঃ** চিকিৎসকের পরামর্শ অনুযায়ী গ্রহণ করা যেতে পারে অন্যথায় প্রযোজ্য নয়।

ইসবগুল এন বা এনই গ্রহণের পর অতিরিক্ত এক গ্লাস পানি পান করা ভালো।

**পার্শ্ব প্রতিক্রিয়াঃ**

পেট ফাঁপা, তলপেটের অসস্তি, অন্ত্রের প্রতিবন্ধকতা।

**প্রতিনির্দেশনাঃ**

যে সকল রোগীদের অন্ত্রের প্রতিবন্ধকতা বা জটিলতা আছে তাদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**অন্য ওষুধের সাথে ক্রিয়াঃ**

কোন উল্লেখযোগ্য প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় নাই।

**সংরক্ষণঃ**

আলো থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**প্যাকিংঃ**

**ইসবগুল এন স্যাচেটঃ** প্রতিটি বাক্সে ২০/৩০টি করে সিলিয়াম ফাইবার স্যাচেট রয়েছে।

**ইসবগুল এন কন্টেইনারঃ** প্রতিটি বাক্সে প্লাস্টিক জারে রয়েছে ৫০/১০০/১২০ গ্রাম সিলিয়াম ফাইবার এবং একটি পরিমাপক চামচ

**ইসবগুল এনই স্যাচেটঃ** প্রতিটি বাক্সে ২০/৩০টি করে সিলিয়াম ফাইবার স্যাচেট রয়েছে।

**ইসবগুল এনই কন্টেইনারঃ** প্রতিটি বাক্সে প্লাস্টিক জারে রয়েছে ৫০/১০০/১২০ গ্রাম সিলিয়াম ফাইবার এবং একটি পরিমাপক চামচ ।

IBN SINA

প্রস্তুতকারকঃ
দি ইবনে সিনা ন্যাচারাল মেডিসিন লিঃ
(হারবাল বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।